গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ইটনা, কিশোরগঞ্জ।

স্মারক নং-০৫.৪১.৪৮৩৩.০০০.০৪.০১২.১০-১০৬ (৫০) তারিখঃ ২২/০১/২০২৪খ্রিঃ

ফেরীঘাট ইজারার দরপত্র বিজ্ঞপ্তি-১/২০২৪

ইটনা উপজেলাধীন নিম্ন বর্ণিত ফেরীঘাট ১৪৩১ বাংলা সনের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত আগ্রহী পেশাদার পাটনীগণের/ব্যক্তিবর্গের নিকট হতে নিম্ন বর্ণিত শর্তাবলী মোতাবেক নির্ধারিত সিডিউলে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে । দরপত্রসমূহ আগামী ০৬/০৩/২০২৪ খ্রিঃ তারিখে বেলা ১:০০ঘটিকা পর্যন্ত অত্র কার্যালয় ও জেলা প্রশাসক কার্যালয় (এলজি শাখায়) রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করা যাবে । উক্ত তারিখ বেলা ২:০০ঘটিকায় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) বর্ণিত অফিস সমূহে দরপত্র খোলা হবে। দরপত্র সিডিউল নির্ধারিত মূল্যে (অফেরত যোগ্য) দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত (প্রতিদিন) অফিস চলাকালীন সময়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি) ইটনা ও জেলা প্রশাসকের কার্যালয়, এলজি শাখা কিশোরগঞ্জ হতে নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) দরপত্র সিডিউল ক্রয় করা যাবে। দরপত্র দাখিলের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা যাবে না।

উল্লেখ্য যে, দরপত্র দাখিলের নির্ধারিত তারিখে কোন দরপত্র পাওয়া না গেলে অথবা দাখিলকৃত দরপত্রে কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত না হলে পরবর্তী ১৩/০৩/২০২৪ খ্রিঃ ২০/০৩/২০২৪ খ্রিঃ এবং ২৭/০৩/২০২৪ খ্রিঃ তারিখে অনুরূপ ভাবে ধার্য্য তারিখে বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত উল্লেখিত অফিস সমূহে দরপত্র গ্রহণ করা হবে।এক্ষেত্রে প্রতিবার দরপত্র দাখিলের ধার্য তারিখের পূর্বদিন পর্যন্ত (প্রতিদিন) অফিস চলাকালীন সময়ে নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) দরপত্র উল্লেখিত অফিস সমূহ হতে ক্রয় করা যাবে । কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। ইজারা বিজ্ঞপ্তির শর্তাবলীসহ বিস্তারিত তথ্যাদি অফিস চলাকালীন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে

ইটনা উপজেলার সীমানায় অবস্থিত ফেরীঘাট সমূহ ১৪৩১ বাংলা সনের জন্য ইজারার নিমিত্ত সম্ভাব্যমূল্য নির্ধারন তালিকাঃ
(নীতিমালার অনুচ্ছেদ নং- ২ এর(ক) (২) মোতাবেক)

উপজেলা	ঘাটের নাম	১৪২৮ বাংলা সনের ইজারা মূল্য	১৪২৯ বাংলা সনের ইজারা মূল্য	১৪৩০ বাংলা সনের ইজারা মূল্য	০৩ বছরের মোট আয়	গত তিন বছরের গড় আয়	গত তিন বছরের গড় আয়/গত বছরের আয় যা বেশি তার উপর ১০% অতিরিক্ত	১৪৩১ বাংলা সনের সম্ভাব্য ইজারা মূল্য	সিডিউলের মূল্য
ইটনা	ধনপুর বাজার নৌকা/লঞ্চঘাট	৬৬৫৭৪	৪৮০০০	৬১০০০	১৭৫৫৭৪	৫৮৫২৫	৬৪৩৭৮	৬৭১০০	৫০০
	জয়সিদ্ধি বাজার নৌকা/লঞ্চঘাট	২৮০০০০	৩১২০০০	১২৮০০০	৭২০০০০	২৪০০০০	২৬৪০০০	২৬৪০০০	১২০০
	এলংজুরী বাজার নৌকা/লঞ্চঘাট	৬৫০০০	৪৮০০০	৪০০০০	১৫৩০০০	৫১০০০	৫৬১০০	৫৬১০০	৫০০

শর্তাবলি ঃ-

০১। জন্মগত পেশাদার পাটনীগণকে অগ্রাধিকার দেয়া হবে। (পাটনী সংক্রান্ত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক সদ্য প্রদত্ত সনদ পত্র / পরিচয়পত্র দাখিল করতে হবে।

০২। সীলমোহরকৃত খামের উপর দরপত্রের অধীন ফেরীঘাটের নাম সুস্পষ্ঠভাবে লিখতে হবে।

০৩। দরপত্রে উল্লেখিত দরের ২৫% ভাগ অর্থের ব্যাংক ড্রাফট/পেঅর্ডার উপজেলা নির্বাহী অফিসার, ইটনা এর নামে দরপত্রের সাথে দাখিল করতে হবে।

০৪। অনিবার্য কারণে কর্তৃপক্ষ দরপত্র দাখিলের তারিখ পরিবর্তন বা বন্ধ করতে পারবেন।

০৫। সর্বোচ্চ দরপত্র অনুমোদনের জন্য বিবেচনা করা হবে। উপজেলা পরিষদের অনুমোদনের পর গৃহীত দরদাতাকে অবহিত করার ০৭ (সাত) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫ % টাকা ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে পরিশোধ করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে এবং দরপত্রের সাথে দাখিলকৃত জামানত বাবদ ২৫% অর্থের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার বাজেয়াপ্ত করা হবে। বাজেয়াপ্ত ব্যাংক ড্রাফট/ পে-অর্ডারের টাকা উপজেলা পরিষদের রাজস্ব হিসাবে গন্য করা হবে।

০৬। গৃহীত দরপত্রদাতা ইজারার স্থিরকৃত মূল্যের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট দিতে হবে। এ ছাড়া ও সরকার কর্তৃক অন্য কোন করারোপ করা হলে উহা ও পরিশোধ করতে হবে। গৃহীত দরের ১০% আয়কর এবং ১৫% ভ্যাটের (মূল্য সংযোজন কর) টাকা সংশ্লিষ্ট কোডে জমা করে ৩০০/-টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিনামা সম্পাদন করার পর ফেরীঘাটের অস্থায়ী দখল হস্তান্তর করা হবে।

০৭। ইজারাদার কর্তৃক ফেরীঘাটের রক্ষনাবেক্ষন করতে হবে।

০৮। কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত টোল চার্ট অনুযায়ী টোল আদায় করতে হবে। অনুমোদিত টোল চার্ট জনসাধারণের জ্ঞাতার্থে ইজারাদার কর্তৃক নিজ খরচে ফেরীঘাট সংলগ্ন বিভিন্ন স্থানে ঝুলিয়ে রাখতে হবে। নির্ধারিত রেট এর অধিক টোল আদায় করা যাবে না, অতিরিক্ত টোল আদায় কর্তৃপক্ষ কর্তৃক প্রমাণিত হলে ইজারাদারের সাথে ইজারা সংক্রান্ত চুক্তিপত্র বাতিল করা হবে।

০৯। গৃহীত দরপত্রদাতা কোন ক্রমেই ইজারা প্রাপ্ত ফেরীঘাট অন্যের নিকট ইজারা (সাব লীজ) দিতে পারবেন না। যদি অনুরূপ কার্যকলাপ কিংবা চুক্তিপত্রের কোন শর্ত লংঘন ধরা পড়ে তবে ইজারা বাতিল বলে গন্য হবে এবং ইজারাদার আইনত দন্ডনীয় হবে।

চলমান-০২

CamScanner

১০। কর্তৃপক্ষ প্রয়োজনে দর যাচাইয়ের জন্য সর্বোচ্চ দর দাতার দর কার্যকর রেখে পুনঃ দরপত্র আহবান করতে পারবেন। উক্ত দরপত্র দাতা পরবর্তী দরপত্রে অংশ গ্রহণ করলে শুধুমাত্র অতিরিক্ত দরের ২৫% ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযোজন করে দরপত্র দাখিল করতে হবে।

১১। সরকারী যে কোন আদেশ যখন জারী করা হবে তা অব্যশই পালন করতে হবে।

১২। কোন কারণে নির্ধারিত সময়ের মধ্যে ফেরীঘাট দখল হস্তান্তর বিলম্ব হলে ১লা বৈশাখ ১৪৩১ হতে দখল হস্তান্তরের পূর্ব পর্যন্ত খাস আদায়ের টাকা বিধি মোতাবেক ইজারাদার প্রাপ্য হবেন।

(মোঃ আবু রিয়াদ)
উপজেলা নির্বাহী অফিসার
ইটনা, কিশোরগঞ্জ
ফোন:০১৯৫৮-৪০০৪২২
email:unoitna@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪১.৪৮৩৩.০০০.০৪.০১২.১০-১০৬ (৫০)

তারিখঃ ২২/০১/২০২৪খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ

০১। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।

০২। অতিরিক্ত জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।

০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ইটনা, কিশোরগঞ্জ।

০৪। উপজেলা.. কর্মকর্তা, ইটনা । তাঁর কার্যালয়ে নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে বহুল প্রচারের ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ জানানো হলো।

০৫। চেয়ারম্যান... ইউপি। তাঁর ইউনিয়ন পরিষদের আওতাধীন হাট-বাজারে মাইক/ঢোল সহরতের মাধ্যমে এবং তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে দরপত্র বিজ্ঞপ্তিটি টাঙ্গিয়ে ব্যাপক প্রচারসহ দরপত্র দাখিলের তারিখ ও সময় ঘোষনা করে অত্রাফিসে সার্ভিস রিটার্ন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

০৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা.. ইউনিয়ন ভূমি অফিস। তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে উক্ত বিজ্ঞপ্তিটি টাঙ্গিয়ে প্রচার করা ছাড়াও তহশীলের আওতাধীন হাট-বাজার সমূহে ঢোল সহরতের মাধ্যমে দরপত্র দাখিলের তারিখ ও সময় ঘোষণা করে বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচার করে উহার সার্ভিস রিটার্ন এ কার্যালয়ে দাখিলের জন্য অনুরোধ করা হলো।

০৭। জনাব.. ইজারাদার/প্রাক্তন ইজারাদার..।

০৮। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
ইটনা, কিশোরগঞ্জ।

CS CamScanner